

মার্চ/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ১৩.০৩.২০২২ খ্রি. দুপুর ১২.০০ ঘটিকায়


সভাপতি : মোঃ শরিফুল ইসলাম, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।

উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	নিয়মিত উপজেলা পরিষদ কৃষি সংক্রান্ত কমিটি সভাকরণ	প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ কৃষি সংক্রান্ত কমিটির সভা আহ্বন করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
৪.	গোবিন্দগঞ্জ উপজেলাধীন ১৭টি ইউনিয়নের আবহাওয়া বিজ্ঞপ্তি সংক্রান্ত ডিসপ্লেবোর্ড স্থাপন	গোবিন্দগঞ্জ উপজেলাধীন ১৭টি ইউনিয়নের আবহাওয়া বিজ্ঞপ্তি সংক্রান্ত ডিসপ্লেবোর্ড স্থাপনের অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের সাথে আলোচনার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব, কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
সভাপতি


উপজেলা পরিষদ কৃষি সংক্রান্ত কমিটি  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১৩.০৪.২০২২ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।

  
সদস্য সচিব

উপজেলা পরিষদ কৃষি সংক্রান্ত কমিটি  
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।